দৈনিক বাংলা

তারিখ 30 APR 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

### শিক্ষার মান উন্নয়ন সেমিনার উদ্বোধন

# ছাত্রদের ভাল কাজে উদ্বুদ্ধ করুন ঃ তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা ছাত্রদের জাতির শ্রেষ্ঠ সম্পদ হিসাবে গড়ে তুলতে শিক্ষা প্রতিষ্ঠানে রাজনৈতিক দলসমূহের রাজনৈতিক অনুপ্রবেশ প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন শিক্ষকরা দ্বিধাবিভক্ত কারণ তারা কোন না কোন রাজনৈতিক দলের সাথে সরাসরি না হলেও পরোক্ষভাবে সম্পৃক্ত।

তথ্যমন্ত্রী বৃহস্পতিবার বিএমডিসি মিলনায়তনে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি ও এডুকেশন ইন্টার-ন্যাশনাল-এর যৌথ উদ্যোগে পাঁচদিনব্যাপী আয়োজিত 'শিক্ষার মান উন্নয়নে শিক্ষক সংগঠনের ভূমিকা' শীর্ষক সেমিনার উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে এ আহ্বান জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সমিতির সভাপতি অধ্যাপক মোহাম্মদ শামসুল হক এবং মহাসচিব মোঃ আবদুল কুদ্দুস সরকার বক্তব্য রাখেন।

তথ্যমন্ত্রী সেমিনারের বিষয়বস্তুকে অত্যন্ত সময়োপগী উল্লেখ করে বলেন আমরা যারা রাজনৈতিক সংগঠন করি তারা ছাত্র-শিক্ষকদের রাজনীতির বাইরে রাখতে পারছি না। এর ফলে ছাত্র এবং শিক্ষকরা রাজনীতির শিকার হন। জাতীয় জীবনে এর বিরূপ প্রভাব পড়ছে। তিনি বলেন ছাত্ররা স্কুল কলেজের সরকারীকরণের দাবীতে স্লোগান দেয় যার অর্থও তারা বোঝে না।

ছাত্রদের উস্কানি দিয়ে কিছুক্ষণ শিক্ষক-রাই এসব স্লোগান দেওয়ায়। ছাত্ররা রাস্তায় গাড়ি ভাঙচুর করলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান থেকে ছাত্রদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয় না। তিনি বলেন, শিক্ষকদের দৃঢ় চারিত্রিক মনোবল থাকলে শিক্ষাঙ্গনে সন্ত্রাস থাকবে কেন? তিনি বলেন ছাত্রদেরকে ভালো কাজে উদ্বুদ্ধ করতে শিক্ষকদেরকে উদ্যোগী হতে হবে। সময় এসেছে এসব উপলব্ধি করার।

তথ্যমন্ত্রী বলেন, লুপ্ত মূল্যবোধ জাগ্রত করার মাধ্যমে এবং আত্মনিবেদিত হয়ে শিক্ষকদের মানুষ গড়ার কারিগর হিসাবে

(৫-এর পৃঃ দ্রঃ)

## ছাত্রদের ভাল কাজে উদ্বুদ্ধ করুন ঃ তথ্যমন্ত্রী

(প্রথম পাতার পর)

ছাত্রদের শিক্ষার মানোন্নয়নে কাজ করতে হবে। এর ফলে দেশ সমৃদ্ধ হবে। ভবিষ্যৎ প্রজন্মের উন্নয়নের প্রকৃত ক্ষেত্র ও পরিবেশ সৃষ্টি হবে।

তথ্যমন্ত্রী দেশের রাজনৈতিক স্থিতি-শীলতা বাজায় রাখার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করে বলেন এর ফলে সকলের অর্থনৈতিক উন্নয়ন এবং সামাজিক কল্যাণ নিশ্চিত হবে। তিনি বলেন আজ সময় এসেছে শুধু নিজেদের কথা চিন্তা না করে সকলের জন্য চিন্তা করার। তিনি বলেন ছাত্রদেরকে ভবিষ্যতের একটি সুশৃঙ্খল মানবসম্পদ হিসাবে গড়ে তুলতে শিক্ষক-দেরকে গুরুদায়িত্ব পালন করতে হবে। শিক্ষকদের এই দায়িত্ব পালনে সরকার সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে। তিনি শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের দৃঢ় অঙ্গীকার গ্রহণের আহ্বান জানিয়ে বলেন এর ফলে সমগ্র জাতি বিশ্বে একটি সমৃদ্ধ জাতি হিসাবে পরিচিতি লাভ করবে।

তথ্যমন্ত্রী সেমিনারের আনুষ্ঠানিক উদ্বো-ধন করে আশা প্রকাশ করেন—পাঁচদিনব্যাপী এই সেমিনারের মূল্যবান আলোচনা শিক্ষার মান উন্নয়নে বাস্তবভিত্তিক ও সুদূর প্রসারী অবদান রাখবে।

### সার্ক দেশগুলোয় তথ্য বিনিময় বাড়বে

তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা বলে-ছেন, আগামী দিনগুলোতে সার্ক সদস্য দেশসমূহের মধ্যে তথ্য বিনিময় কার্যক্রম আরও জোরদার হবে।

তথ্যমন্ত্রী বৃহস্পতিবার ঢাকায় স্থানীয় একটি হোটেলে আয়োজিত শিশুদের জন্য টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনা সংক্রান্ত উপ-আঞ্চলিক প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন।

এশিয়া-পেসিফিক ইন্সটিটিউট ফর ব্রডকাস্টিং ডেভেলপমেন্ট এবং ন্যাশনাল ইন্সটিটিউট অফ মাস কম্যুনিকেশন (নিমকো)-এর যৌথ উদ্যোগে দুই সপ্তাহ-ব্যাপী অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সে বাংলাদেশ, শ্রীলঙ্কা, পাকিস্তান এবং মাল-দ্বীপ টেলিভিশন-এর প্রতিনিধিবৃন্দ অংশ-গ্রহণ করেন। অনুষ্ঠানে তথ্য সচিব নূরুদ্দিন আল-মাসুদ, নিমকো মহাপরিচালক আব-দুল্লাহ-আল- মামুন এবং এ বি সি-এর নির্বাহী প্রযোজক মিস হেনরিইটা ক্লার্ক অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন।

তথ্যমন্ত্রী সম্প্রতি অনুষ্ঠিত ৭ম সার্ক শীর্ষ সম্মেলনের ঢাকা ঘোষণায় সদস্য দেশসমূহের মধ্যে তথ্য বিনিময়ে কার্যক্রমের ক্ষেত্রে ঘনিষ্ঠ সহযোগিতা প্রদানের কথা উল্লেখ করে বলেন, বাংলাদেশ, পাকিস্তান, শ্রীলঙ্কা এবং মালদ্বীপ টেলিভিশনের প্রতি-নিধিবৃন্দের এই প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ সার্ক সদস্যদেশসমূহেরে মধ্যে অনুষ্ঠান বিনিময় কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

তিনি বলেন, এই প্রশিক্ষণ কোর্স শিশুদের জন্য সুন্দর টেলিভিশন অনুষ্ঠান তৈরীতেও অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। খবর তথ্য বিবরণীর।